# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) দুদিনের বরাক উপত্যকা সফরসূচি নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামীকাল শিলচরে ।

২) জুবিন গার্গের রহস্যজনক মৃত্যু সম্পর্কে গঠিত বিশেষ তদন্তকারী গোষ্ঠী ( এস আই টি )-র আগামী ১২ ডিসেম্বরের মধ্যে অভিযোগনামা দাখিল ।

৩) ইন্ডিগো বিমানসেবা চালকদের অসহযোগিতার পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন বিমানবন্দর থেকে চলাচল করা বেশ কয়েকটি বিমানযাত্রা বাতিল ।

৪) মাধ্যমিক স্তরের প্রেক্টিক্যাল পরীক্ষার সময়সূচি ঘোষণা

এবং

৫) উমরাংসুতে ডিমাহাসাও জেলার প্রথম আসাম ক্রিকেট সংস্থার ষ্টেডিয়াম উদ্বোধন ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা দুদিনের বরাক উপত্যকা সফরসূচি নিয়ে আগামীকাল শিলচর আসছেন । দুদিনব্যাপী এই সফরে এসে মুখ্যমন্ত্রী আগামীকাল হাইলাকান্দি ও শিলচরে বেশ কয়েকটি অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । ডক্টর শর্মা আগামীকাল প্রথমে শিলচর পৌছে হাইলাকান্দির উদ্দেশ্যে রওয়ানা দেবেন । সেখানে পৌছে হাইলাকান্দি খেলার মাঠে আয়োজিত বেলা ১১টা ১৫ মিনিটে তিনি মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান প্রকল্পের অধীনে হিতাধিকারিদের মধ্যে চেক বিতরণ করবেন । এর পর মুখ্যমন্ত্রী বেলা ১টা ১৫ মিনিটে ধলাই বিধানসভা আসনের অধীন বরজালেঙ্গা মাঠে আয়োজিত মহিলা উদ্যমিতা অভিযান প্রকল্পের অধীনে হিতাধিকারিদের মধ্যে চেক বিতরণ করবেন ।

পরদিন , অর্থাৎ আগামী রবিবার বেলা সাড়ে ১০টায় মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা দীর্ঘ প্রতিক্ষিত মধুরা সেতুর শিলান্যাস করবেন । উল্লেখ্য যে এই সেতু নির্মানের কাজ সম্পূর্ণ হলে বৃহত্তর মধুরা সহ পার্শবর্তী এলাকাগুলির সঙ্গে আন্ত:জেলা যোগাযোগ ব্যবস্থা তরান্বিত হবে । ওইদিন এই শিলান্যাস অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর মুখ্যমন্ত্রী বেলা সাড়ে ১১টায় উধারবন্দ ডি এন এইচ এস খেলার মাঠে আয়োজিত মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে হিতাধিকারীদের মধ্যে চেক বিতরণ করবেন । এই অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী গৌহাটির উদ্দেশ্যে রওয়ানা দেবেন ।

--------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী ৯ ডিসেম্বর নতুনদিল্লীতে হস্তশিল্পের কারিগড়দেরকে হস্তশিল্প পুরস্কার প্রদান করবেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং এবং বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা উপস্থিত থাকবেন । বস্ত্রমন্ত্রনালয়ের প্রকাশিত তথ্য অনুযায়ি হস্তশিল্পের কারিগড়দের অসামান্য প্রতিভাকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে এই পুরস্কার প্রদান করা হবে । এর মাধ্যমে দেশের বর্ণাঢ্য হস্তশিল্পের ঐতিহ্য সংরক্ষণ এবং প্রসারের ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতাকে আরও একবার সুনিশ্চিত করা হবে । উল্লেখ্য জাতীয় হস্তশিল্প সপ্তাহ উদযাপনের অংশ হিসেবে এই পুরস্কার প্রদান করা হবে ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২০ শে ডিসেম্বর দুদিনের সফরে আসামে আসছেন । প্রধানমন্ত্রী ঐদিন বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনেল ভবন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন । একইদিনে প্রধানমন্ত্রী গোপীনাথ বরদলৈ’র একটি প্রতিমূর্তি উন্মোচন করা সহ গুয়াহাটীতে একটি জনসভায় অংশগ্রহণ করবেন ।
শ্রী মোদী পরদিন অর্থাৎ আগামী ২১ শে ডিসেম্বর ডিব্রুগড় জেলার নামরূপে এমোনিয়া ইউরিয়া প্রকল্পের শিলান্যাস করবেন । প্রায় ১১ হাজার কোটি টাকা ব্যয়ে এই প্রকল্পটই নির্মান করা হবে । প্রকল্পটইতে বছরে ১২ হাজার ৭০০ মেট্রিকটন এমোনিয়া ইউরিয়া উৎপাদন করা হবে বলে আশা করা হচ্ছে । প্রধানমন্ত্রীর এই দুদিনের সফরসূচীর প্রস্তুতি সম্পর্কে সম্প্রতি মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা কইনাধারার রাজ্য অতিথিশালায় বেশ কয়েকজন মন্ত্রী ও আধিকারীকদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন ।

--------------------------------------------------------------------------------

জুবিন গার্গের রহস্যজনক মৃত্যু সম্পর্কে গঠিত বিশেষ তদন্তকারী গোষ্ঠী ( এস আই টি ) এই ঘটনার তদন্ত প্রক্রিয়া সম্পূর্ণ করেছে এবং আগামী ১২ ডিসেম্বরের মধ্যে অভিযোগনামা দাখিল করবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সাংবাদিকদের এ কথা জানিয়েছেন । তিনি জানান যে এস আই টি বৃহৎ সংখ্যক সাক্ষ্য প্রমান লাভ করা সহ প্রায় ৩ হাজার পৃষ্ঠার অভিযোগনামা প্রস্তুত করেছে এবং নির্ধারিত সময়ের আগেই তা পেশ করবে । মুখ্যমন্ত্রী বলেন.... বাইট

-------------------------------------------------------------------------------------

দেশের বেসরকারি খন্ডের বৃহত্তম বিমান পরিবহন সংস্থা ইন্ডিগো এয়ারলাইন্সের পাইলটদের অসহযোগিতা সহ বিভিন্ন কারণে আজও সমগ্র দেশে সংস্থাটির বিমান পরিষেবা ক্ষতিগ্রস্থ হয়েছে । আজ গুয়াটির বরঝার আন্তর্জাতিক বিমানবন্দরে ইন্ডিগোর বেশ কয়েকটি বিমানের যাত্রা বাতিল করা হয় এবং বেশ কয়েকটি বিমান নির্ধারিত সময়ের অনেক পরে চলাচল করে । ইন্ডিগো কর্তৃপক্ষ বিমানের যাত্রা বাতিল বা বা সময়সূচী পরিবর্তন সম্পর্কে কোন অগ্রিম তথ্য প্রকাশ না করার জন্য বিমানবন্দরে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয় ।এদিকে ডিব্রুগড় , লখিমপুর , যোরহাট , তেজপুর , ইটানগরের হলংগি বিমানবন্দরএও অনুরূপ পরিস্থিতির সৃষ্টি হয় । ইন্ডিগোর এই অনিয়মের প্রসঙ্গটি আজ সংসদে উত্থাপিত হয়েছে । আজ রাজ্যসভার শূণ্যকালে কংগ্রেসের প্রমোদ তিওয়ারী এবং শিবসেনার উদ্ধব ঠাকরে গোষ্ঠির প্রিয়ংকা চর্তুবেদী সমগ্র বিষয়টি সম্পর্কে অসামরিক বিমান পরিবহন মন্ত্রীর কাছ থেকে বিবৃতি দাবী করেন ।বিমান পরিবহন মন্ত্রীর হয়ে সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বাস দেন ।

-------------------------------------------------------------------------------------

এদিকে ইন্ডিগো বিমান পরিষেবায় বিগত কয়েকদিন থেকে অনিয়মের পরিপ্রেক্ষিতে আজ অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডুর সঙ্গে অসামরিক বিমান পরিবহন সঞ্চালকালয়ের এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে মন্ত্রনালয়ের প্রবীণ আধিকারীক সহ ইন্ডিগো বিমানের উচ্চপদস্থ আধিকারীকরা উপস্থিত ছিলেন । বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী নাইডু বিমান সংস্থাটিকে শীঘ্র কাজকর্ম স্বাভাবিক করা সহ সাম্প্রতিক পরিস্থিতির জন্য যাত্রীদের কাছ থেকে যাতে অধিক বিমানভাড়া আদায় না করআ হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন । শ্রী নাইডু বিমান সংস্থাটিকে বিমান বাতিলের বিষয়ে যাত্রীদেরকে অগ্রিম অবগত করানো সহ যাত্রীদের জন্য হোটেলের ব্যবস্থা করা সহ প্রয়োজনীয় সব সুযোগ সুবিধা প্রদান করার নির্দেশ দেন । বিমান পরিবহন সঞ্চালকালয়ের এক বিবৃতিতে জানানো হয়েছে যে বিমান বাতিল মূলতঃ ক্রু

পরিকল্পনা সমস্যা , সংশোধিত বিমান উড়ানের সময় নির্ধারণের সীমাবদ্ধতা তথা শীতকালীন প্রত্যাহ্বানের জন্য সৃষ্টি হয়েছে বলে জানিয়েছে । আরও কয়েকদিন বিমান বাতিলের সমস্যা অব্যাহত থাকবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ মাধ্যমিক স্তরের প্রেক্টিক্যাল পরীক্ষার সময়সূচি ঘোষণা করেছে । এই সময়সূচি অনুসারে নির্ধারিত বিষয়গুলির জন্য আগামী ২৮ এবং ২৯ জানুয়ারী পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

ডিমাহাসাও পার্বত্য জেলার মনোরম প্রাকৃতিক পরিবেশের মধ্যে আজ ওই জেলার প্রথম আসাম ক্রিকেট সংস্থার ষ্টেডিয়াম উদ্বোধন করা হয়েছে । উমরাংসুতে নির্মীত এই নতুন ক্রিকেট ষ্টেডিয়ামটির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা খেলার সব ধরণের সুবিধা রাজ্যের প্রত্যেকটি জেলায় পৌছে দিতে রাজ্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ বলে মন্তব্য করেন । উল্লেখ্য যে ক্রিকেটের সব ধরণের প্রয়োজনীয় সুবিধায় সমৃদ্ধ প্রায় ৩০ বিঘা জমিতে নির্মীত এই ষ্টেডিয়ামে ১৫ হাজার দর্শক এক সঙ্গে খেলা উপভোগ করতে পারবেন । ষ্টেডিয়ামটিতে ৫টি পিচ , ১টি আধুনিক প্যাভেলিয়ন এবং অন্যান্য উন্নত সুবিধা সমূহ খেলোয়াড়রা লাভ করবেন । এই ষ্টেডিয়াম ক্রীড়ার ক্ষেত্রে ডিমাহাসাওকে এগিয়ে নিয়ে যাওয়া সহ পর্যটনের ক্ষেত্রেও সম্ভাবনার দ্বার প্রসস্ত করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ব্যুরো এবং কেন্দ্রীয় সংরক্ষিত নিরাপত্তা বাহিনী মিজোরামের আইজলের কাছে অভিযান চালিয়ে গত বুধবার প্রায় ৬ কে জি ম্যাথামফেটামাইন সহ ৮ জন সরবরাহকারীকে আটক করেছে । এদের মধ্যে করিমগঞ্জের জবরুল হক নামের এক সরবরাহকারীকে এই চক্রের মূল অভিযুক্ত বলে নিরাপত্তা বাহিনী চিহ্নীত করেছে । তার বিরুদ্ধে ইতিমধ্যেই ৩টি মামলা রুজু করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । প্রাথমিক তদন্ত অনুসারে এই মাদকদ্রব্য মিজোরামের চম্পাই হয়ে ভারত ম্যানমার সীমান্তবর্তী এলাকা দিয়ে সোনামূড়ায় নিয়ে যাওয়া হচ্ছিল বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে ন্যাশনেল হাইওয়ে পয়েন্ট থেকে প্রথম লিংক রোড পয়েন্ট পর্য্যন্ত সড়কের এক দিক আজ থেকে ১৪ই ডিসেম্বর পর্য্যন্ত প্রতিদিন রাত দশটা থেকে পরদিন সকাল ৬টা পর্য্যন্ত বন্ধ থাকবে

। বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী দশদিন রাত দশটা থেকে সকাল ৬টা পর্য্যন্ত সড়কের শুধুমাত্র এক দিকে যান চলাচল করতে পারবে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত আনন্দপুর গ্রাম পঞ্চায়েতের অধীন দেবদ্বার গ্রামে আজ বিধায়ক বিজয় মালাকার আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এউপলক্ষ্যে আয়োজিত এক সভায় বিধায়ক শ্রীমালাকার জানান যে আগামী তিন মাসের মধ্যে এই অঙ্গনওয়াড়ি কেনদ্র নির্মানের কাজ শেষ হবে এবং এই অত্যাধুনিক সুবিধা সম্পন্ন আর্দশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মাধ্যমে দেবদ্বার অঞ্চলের শিশুরা বিশেষভাবে উপকৃত হবে । আজকের অনুষ্ঠানে পঞ্চায়েত প্রতিনিধি , বিভাগীয় আধিকারীক সহ স্থানীয় জনগনরা উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

অসম প্রকাশন পরিষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত অসম গ্রন্থমেলায় আজ বিকেলে বহু ভাষিক কবি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । যুব সাহিত্য একাডেমী পুরস্কার প্রাপ্ত সুতপা চক্রবর্তীর পরিচালনায় আয়োজিত বহু ভাষিক কবি সম্মেলনে বিজয় ঘোষ , নারায়ন মোদক , গোকুল দত্ত , দিলীপ কুমার সিং প্রমূখ কবিতা পাঠ করেন । পরে বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে ।

--------------------------------------------------------------------------------